

প্রথম আলো

পরীক্ষা

এসএসসি এবার পাসের হার ও জিপিএ-৫ কর্তৃক কমল

বিশেষ প্রতিবেদক ঢাকা



এসএসসি ও সমমানের পরীক্ষায় ফলাফল পেয়ে শিক্ষার্থীদের উল্লাস। রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা, ২৮ জুলাই ছবি: খালেদ সরকার

এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ দুটোই কমেছে। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় গড়ে পাস করেছে ৮০ দশমিক ৩৯ শতাংশ শিক্ষার্থী। গতবার (২০২২ সালে) পাসের হার ছিল ৮৭ দশমিক ৪৪। এবার মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। ২০২২ সালে জিপিএ-৫ পেয়েছিল ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। ২০২২ ও ২০২৩ সালের পরীক্ষার ফলাফলে দেখা যাচ্ছে, এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ কমেছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০টায় শিক্ষাপ্রতিষ্ঠান ও অনলাইনে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা ফলাফল প্রকাশ করা হয়েছে। এরপর বেলা ১১টায় রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে সংবাদ সম্মেলন

করে ফলাফলের বিস্তারিত তথ্য জানাচ্ছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

এর আগে বাটন চেপে আনুষ্ঠানিকভাবে এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশের কার্যক্রম উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সকাল সাড়ে নয়টার দিকে গণভবনে তিনি এসএসসির ফলাফল কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় শিক্ষামন্ত্রী দীপু মনি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীসহ শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন।

এসএসসি ও সমমানের পরীক্ষায় ফলাফল পেয়ে শিক্ষার্থীদের উল্লাস। রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা, ২৮ জুলাই ছবি: খালেদ
সরকার

সাম্প্রতিক ইতিহাসে কখনো শুক্রবারে ফলাফল প্রকাশ করা হয়নি। এর মধ্যে আবার আজ রাজধানীতে আওয়ামী লীগের
সহযোগী ও ভাতৃপ্রতিম সংগঠনগুলো একদিকে সমাবেশ ডেকেছে, অন্যদিকে বিএনপিও মহাসমাবেশের ডাক দিয়েছে। এ
নিয়ে সংঘাতেরও আশঙ্কা করছেন কেউ কেউ। অবশ্য আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের
চেয়ারম্যান তপন কুমার সরকার প্রথম আলোকে বলেন, পরীক্ষার্থীরা এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমেই ফলাফল
সংগ্রহ করতে পারবে।

গত ৩০ এপ্রিল শুরু হয়েছিল এসএসসি ও সমমানের পরীক্ষা। নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি, মাদ্রাসা
শিক্ষা বোর্ডের অধীন দাখিল এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় এ বছর

পরীক্ষার্থী ছিল ২০ লাখের বেশি।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো